# কৃষিপণ্য রপ্তানিতে দেশভিত্তিক সনদসমূহ

বিভিন্ন দেশে কৃষিপণ্য রপ্তানির জন্য নির্দিষ্ট সনদপত্রের প্রয়োজন হয়, যা গন্তব্য দেশের মান নিয়ন্ত্রণ, স্বাস্থ্য সুরক্ষা এবং আমদানি নীতিমালার উপর নির্ভর করে। সাধারণত নিম্নলিখিত সনদসমূহ রপ্তানির জন্য প্রয়োজন হতে পারে:

**ফাইটোস্যানিটারি সার্টিফিকেট (Phytosanitary Certificate):**

- উদ্ভিদজাত পণ্যের ক্ষেত্রে গন্তব্য দেশ উদ্ভিদের রোগ ও কীটপতঙ্গ মুক্ত নিশ্চিত করা;
- দায়িত্বপ্রাপ্ত সংস্থা: কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (DAE):- (http://www.dae.gov.bd)।

**স্বাস্থ্য সনদ (Health Certificate)**

- পণ্যটি খাদ্য হিসেবে নিরাপদ এবং আন্তর্জাতিক মান বজায় রাখে কিনা তা নিশ্চিত করা;
- প্রাণিজ পণ্যের ক্ষেত্রে (মাছ, মাংস, দুগ্ধজাত পণ্য ইত্যাদি);
- দায়িত্বপ্রাপ্ত সংস্থা:

  মৎস্য অধিদপ্তর: ( http://www.fisheries.gov.bd)
  প্রাণীসম্পদ অধিদপ্তর: ( http://www.dls.gov.bd)

**গুণগতমান সনদ (Quality Certificate)**

- মান নির্ধারণ ও সনদ প্রদান;
- বাধ্যতামূলক সনদ (যেমন: ইলেকট্রিক্যাল পণ্য, খাদ্য, প্লাস্টিক ইত্যাদি);
- পরীক্ষা ও গুণগত নিশ্চয়তাকরণ;
- ভোক্তা সুরক্ষায় ভেজাল ও নিম্নমানের পণ্য বাজার থেকে প্রতিরোধ;
- দায়িত্বপ্রাপ্ত সংস্থা: BSTI (Bangladesh Standards and Testing Institution)-(http://www.bsti.gov.bd)।

**অর্গানিক সার্টিফিকেট (Organic Certificate)**

- পণ্যটি জৈব (অর্গানিক) পদ্ধতিতে উৎপাদিত কিনা তা যাচাই করা;
- আন্তর্জাতিক অর্গানিক মান (IFOAM) মেনে চলা;
- দায়িত্বপ্রাপ্ত সংস্থা:

  ECOCERT (https://www.ecocert.com)
  Control Union ( https://www.controlunion.com)

**কোশার বা হালাল সনদ (Kosher or Halal Certificate)**

- ইসলামিক দেশ বা বিশেষ বাজারের জন্য।
- হালাল খাদ্য পণ্য রপ্তানির ক্ষেত্রে বাধ্যতামূলক।
- দায়িত্বপ্রাপ্ত সংস্থা: ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ (http://islamicfoundation.gov.bd)।

**মাইক্রোবায়োলজিকাল টেস্ট রিপোর্ট (Microbiological Test Report)**

- খাদ্যপণ্যের মাইক্রোবায়োলজিক্যাল নিরাপত্তার মান যাচাইয়ের জন্য;
- পরীক্ষা: BSTI (http://www.bsti.gov.bd) বা অনুমোদিত ল্যাব।

**রেসিডিউ ফ্রি সার্টিফিকেট (Residue Free Certificate)**

- খাদ্যপণ্য কীটনাশক, এন্টিবায়োটিক, বা রাসায়নিক মুক্ত কিনা তা নিশ্চিত করা;
- বিশেষত ইউরোপীয় ইউনিয়নের মতো বাজারে এই সনদ প্রয়োজন হয়;
- BSTI বাংলাদেশে পণ্যের মান নিয়ন্ত্রণ ও সনদ প্রদান করে। তাদের সাথে যোগাযোগ করে রেসিডিউ ফ্রি সার্টিফিকেশন সম্পর্কিত তথ্য পাওয়া যাবে। ঠিকানা: 116/A, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-1208 ফোন: +880-2-8870275) দায়িত্বপ্রাপ্ত সংস্থা: BSTI (http://www.bsti.gov.bd)।

**জেনেটিক মোডিফিকেশন (GM) মুক্ত সনদ (Non-GMO Certificate)**

- পণ্যটি জেনেটিকালি মডিফাইড নয় এমন প্রমাণের জন্য;
- প্রধানত ইউরোপ এবং জাপানের বাজারে প্রয়োজন হয়;
- দায়িত্বপ্রাপ্ত সংস্থা: Non-GMO সার্টিফিকেট সরাসরি বাংলাদেশ সরকারের কোনো একক সংস্থা থেকে ইস্যু হয় না। পরীক্ষা ও বিশ্লেষণ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (BARI) (http://www.bari.gov.bd) অথবা বেসরকারি পরীক্ষাগার।

**ইন্সপেকশন সার্টিফিকেট (Inspection Certificate)**

- পণ্যটি চালানের আগে গুণগত মান এবং পরিমাণ যাচাইয়ের জন্য;
- দায়িত্বপ্রাপ্ত সংস্থা:

  SGS Bangladesh: https://www.sgs.com.bd
  Bureau Veritas: https://www.bureauveritas.com.bd
  Intertek: https://www.intertek.com

**দেশীয় উৎপত্তি সনদ (Certificate of Origin)**

- পণ্যটি কোন দেশে উৎপাদিত তা নিশ্চিত করার জন্য;
- দায়িত্বপ্রাপ্ত সংস্থা:

  বাংলাদেশ চেম্বার অব কমার্স (FBCCI) : (http://www.fbcci-bd.org)

  Export Promotion Bureau (EPB)- (http://www.epb.gov.bd)

**প্যাকিং লিস্ট এবং বিল অফ লেডিং**

- পণ্য রপ্তানির ক্ষেত্রে গন্তব্য দেশ এবং কাস্টমসের প্রয়োজনীয় ডকুমেন্ট;
- এটি গন্তব্য দেশের কাস্টমস কর্তৃপক্ষের জন্য প্রয়োজনীয় হয়;
- **দায়িত্বপ্রাপ্ত সংস্থা:** প্যাকিং লিস্ট রপ্তানিকারক প্রতিষ্ঠান (Exporter) নিজেই প্রস্তুত করে। এতে পণ্যের বিবরণ (পরিমাণ, ওজন, কার্টনের সংখ্যা, প্যাকিং ধরন ইত্যাদি) থাকে। এটি কাস্টমস ক্লিয়ারেন্স, ব্যাংক এবং আমদানিকারক কর্তৃপক্ষের জন্য প্রয়োজনীয় এবং বিল অফ লেডিং, শিপিং লাইন বা ফ্রেইট ফরোয়ার্ডার কোম্পানি (Shipping Line / Freight Forwarder)।

**রেডিয়েশন সার্টিফিকেট (Radiation Certificate)**

- বিশেষত রাশিয়া, জাপান এবং কিছু মধ্যপ্রাচ্য দেশ রেডিয়েশন মুক্ত পণ্য চায়;
- দায়িত্বপ্রাপ্ত সংস্থা: বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (BAEC)- (http://www.baec.gov.bd)

**পরিবেশগত সনদ (Environmental Certificate)**

- পরিবেশ বান্ধব পণ্য উৎপাদনের জন্য;
- ইউরোপ বা উন্নত দেশগুলোতে পরিবেশ সচেতন ক্রেতার জন্য;
- দায়িত্বপ্রাপ্ত সংস্থা: পরিবেশ অধিদপ্তর (Department of Environment - DoE): (http://www.doe.gov.bd)।

**শুল্কমুক্ত প্রবেশ সনদ (Duty-Free Entry Certificate)**

- উন্নয়নশীল দেশ হিসেবে বাংলাদেশ বিভিন্ন দেশের কাছে শুল্কমুক্ত সুবিধা পায়;
- দায়িত্বপ্রাপ্ত সংস্থা: Export Promotion Bureau (EPB)- (http://www.epb.gov.bd)।

**ট্রেড লাইসেন্স ও এক্সপোর্ট লাইসেন্স**

- রপ্তানি কার্যক্রম শুরু করার জন্য;
- দায়িত্বপ্রাপ্ত সংস্থা: বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো (EPB): (http://www.epb.gov.bd)।

নির্দিষ্ট দেশের চাহিদার ভিত্তিতে নির্দিষ্ট সনদ প্রয়োজন হয়। তাই রপ্তানি বাজারের চাহিদা ও বাংলাদেশের রপ্তানি নীতিমালা যথাযথভাবে বুঝে সনদ প্রস্তুত করতে হবে। নিচে যুক্তরাষ্ট্র, ইউরোপ এবং মধ্যপ্রাচ্যের কিছু সাধারণ সনদপত্রের বিবরণ দেওয়া হলো:

**যুক্তরাষ্ট্র**

- **ফাইটোস্যানিটারি সার্টিফিকেট (Phytosanitary Certificate):** উদ্ভিদজাত পণ্য রপ্তানির ক্ষেত্রে প্রয়োজন, যা নিশ্চিত করে যে পণ্যটি রোগ ও পোকামাকড় মুক্ত।
- **ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (FDA) অনুমোদন:** খাদ্য পণ্য রপ্তানির আগে FDA-এর সাথে নিবন্ধন এবং প্রয়োজনীয় মান নিয়ন্ত্রণ পরীক্ষা সম্পন্ন করতে হয়।
- **কৃষি বিপণন পরিষেবা (AMS) সার্টিফিকেশন:** কিছু পণ্যের ক্ষেত্রে USDA-এর AMS থেকে মান নিয়ন্ত্রণ সনদ প্রয়োজন হতে পারে।

**ইউরোপীয় ইউনিয়ন (EU)**

- **ফাইটোস্যানিটারি সার্টিফিকেট:** উদ্ভিদ ও উদ্ভিদজাত পণ্যের জন্য বাধ্যতামূলক;
- **ইউরোপীয় ইউনিয়ন স্বাস্থ্য সনদ:** খাদ্য পণ্যের ক্ষেত্রে EU স্বাস্থ্য সনদের প্রয়োজন হতে পারে, যা পণ্যের নিরাপত্তা নিশ্চিত করে;
- **গুড অ্যাগ্রিকালচারাল প্র্যাকটিস (GAP) সার্টিফিকেশন:** কিছু ক্ষেত্রে উত্তম কৃষি চর্চার সনদ প্রয়োজন হয়, যা পণ্যের গুণগত মান নিশ্চিত করে।

**মধ্যপ্রাচ্য**

- **হালাল সার্টিফিকেট:** ইসলামিক দেশগুলোতে খাদ্য পণ্যের জন্য হালাল সনদ বাধ্যতামূলক, যা নিশ্চিত করে যে পণ্যটি ইসলামী শরীয়াহ অনুযায়ী উৎপাদিত;
- **ফাইটোস্যানিটারি সার্টিফিকেট:** উদ্ভিদজাত পণ্যের জন্য প্রয়োজন;
- **স্বাস্থ্য সনদ:** খাদ্য পণ্যের ক্ষেত্রে পণ্যের নিরাপত্তা ও গুণগত মান নিশ্চিত করতে স্বাস্থ্য সনদের প্রয়োজন হতে পারে।

তথ্যসূত্রঃ সংগৃহীত।